

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা  
(ভূমি অধিগ্রহণ শাখা)

এল.এ মামলা নম্বর : ১৮/২০২১-২০২২

“গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ বাপেক্স এর শ্রীকাইল গ্যাসক্ষেত্রে ভারি সরঞ্জামাদি ও মালামাল পরিবহন এবং যাতায়াতের উদ্দেশ্যে বাইপাস সড়কের জন্য কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন বাখরনগর মৌজায় মোট ০.৬০০০ একর ভূমি অধিগ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৪(৩)(খ) ধারা মোতাবেক প্রস্তাবিত ভূমি প্রত্যাশী সংস্থা এবং জেলাপ্রশাসনের যৌথ তদন্তের ফিল্ড বহি তৈরীর কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত তালিকা স্থাবর সম্পত্তি ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৪(৬) ধারা মোতাবেক জনস্বার্থে প্রদর্শন করা হলো।

কোন ব্যক্তি প্রদর্শিত যৌথ তদন্ত তালিকায় গৃহীত সিদ্ধান্তের দ্বারা সংক্ষুব্ধ হলে অদ্য ২৭/০১/২০২৬ তারিখ হতে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৪(৮) ধারায় বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম নিকট যৌথ তদন্ত তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে আবেদন করতে পারবেন এবং জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথ তদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি জেলাপ্রশাসকের নিকট দাখিল করা যাবে।

সংযুক্ত : অধিগ্রহণকৃত ভূমির শ্রেণীভিত্তিক দাগসূচী ও ফিল্ডবহি।

  
২০.০১.২০২৬

আমিনুল ইসলাম

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

কুমিল্লা


স্মারক নম্বর- এল.এ মামলা নম্বর ১৮/২০২১-২০২২-

২৭ (৬)

তারিখ: ২৭/১/২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০২. জেলাপ্রশাসক, কুমিল্লা
০৩. পুলিশ সুপার, কুমিল্লা
০৪. উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৫. সহকারী কমিশনার (ভূমি), মুরাদনগর, কুমিল্লা
০৬. সহকারী প্রোগ্রামার, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নবীপুর (পূর্বে) ইউনিয়ন ভূমি অফিস, মুরাদনগর, কুমিল্লা
০৮. প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জন্য প্রদর্শন-

  
২০.০২.২০২৬

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

কুমিল্লা